



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৫৮০০.০১৭.২৭.০০১.১৭-২৫৮

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ।  
০৭ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ।

### প্রজ্ঞাপন

যেহেতু, মৌলভীবাজার জেলার সদর উপজেলার ০৪নং আপার কাগাবলা ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব মো: কলম উদ্দিন এর বিরুদ্ধে কাগাবলা ইউনিয়নের অন্তর্গত ১২১ নং জেএলস্থিত আখানগিরি নিজ মৌজার ৬৪৬১ নং দাগের টিলা শ্রেণীর সরকারি ভূমি, অবৈধভাবে কাটার অভিযোগে মৌলভীবাজার সদর থানায় দায়েরকৃত জি আর মামলা নং- ৩২৫/১৮ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে এবং জেলা প্রশাসক, মৌলভীবাজার বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, মৌলভীবাজার জেলার সদর উপজেলার ০৪নং আপার কাগাবলা ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব মো: কলম উদ্দিন এর বিরুদ্ধে কাগাবলা ইউনিয়নের অন্তর্গত ১২১ নং জেএলস্থিত আখানগিরি নিজ মৌজার ৬৪৬১ নং দাগের টিলা শ্রেণীর সরকারি ভূমি, অবৈধভাবে কাটার অভিযোগে মৌলভীবাজার সদর থানায় দায়েরকৃত জি আর মামলা নং- ৩২৫/১৮ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, মৌলভীবাজার জেলার সদর উপজেলার ০৪নং আপার কাগাবলা ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব মো: কলম উদ্দিন সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

(মো: আবুজাফর রিপন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৮৬৬০৫  
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৫৮০০.০১৭.২৭.০০১.১৭-২৫৮

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ।  
০৭ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ।

### বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: কলম উদ্দিন, ইউপি সদস্য, ০১নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), ০৪নং আপার কাগাবলা ইউনিয়ন পরিষদ, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

### অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মো: আবুজাফর রিপন)  
সিনিয়র সহকারী সচিব